



'समानो मन्त्रः समितिः समानी'

UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 6th Semester Examination, 2023

GE1-P2-BENGALI

OLD SYLLABUS [For students with registration session 2018-2019 & 2019-2020]

Time Allotted: 2 Hours

Full Marks: 60

The figures in the margin indicate full marks.

- ১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২
- (ক) লয় কাকে বলে? লয় কত প্রকার ও কী কী?
- (খ) মুক্তক ছন্দের প্রবর্তক কে? এই ছন্দের সংজ্ঞা লেখো।
- (গ) উদাহরণসহ সমাসোক্তি অলংকারের সংজ্ঞা দাও।
- (ঘ) অর্থালাংকার কাকে বলে? উদাহরণ দাও।
- (ঙ) চারুশিল্প ও কারুশিল্প বলতে কী বোঝো?
- (চ) ভাটিয়ালি, ভাওয়াইয়া, আলকাপ কী ধরনের সঙ্গীত?
- ২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪
- (ক) অমিত্রাক্ষর ছন্দের বৈশিষ্ট্যগুলি লেখো।
- (খ) ছন্দলিপি প্রস্তুত করোঃ
খাঁচার ভিতর অচিন পাখি কেমনে আসে যায়,
ধরতে পারলে মনবেড়ি দিতাম পাখির পায়।
- (গ) উৎপ্রেক্ষা অলংকার কাকে বলে? এটি কয় প্রকার ও কী কী? প্রকারগুলির মধ্যে পার্থক্য নির্ণয় করো।
- (ঘ) অলংকার নির্ণয় করোঃ
(অ) ঘন বন তলে এসো ঘন নীল বসনা।
(আ) কু কথায় পঞ্চমুখ কণ্ঠভরা বিষ
কেবল আমার সঙ্গে দ্বন্দ্ব অহর্নিশ।
- (ঙ) প্রবাদের মধ্য দিয়ে কীভাবে সমাজজীবন খুঁজে পাওয়া যায়, তা সংক্ষেপে লেখো।
- (চ) “তেমনি ছড়াগুলিও শিশুসাহিত্য; তাহারা মানব মনে আপনি জন্মিয়াছে।” — ছড়ার বিশেষত্ব লেখো।

৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ

১২×২ = ২৪

- (ক) কলাবৃত্ত ছন্দ কাকে বলে ? এই ছন্দকে আর কী কী নামে অভিহিত করা যায় ? উদাহরণসহ এই ছন্দের বৈশিষ্ট্যগুলি লেখো।
- (খ) শব্দালংকার কাকে বলে ? এর প্রকারভেদ করো। যে-কোনো দুই প্রকার শব্দালংকারের সংজ্ঞা উদাহরণসহ লেখো।
- (গ) ‘কবি সংগীত’ প্রবন্ধে রবীন্দ্রনাথ ঠাকুর কবিওয়ালাদের সম্পর্কে যে মূল্যায়ন করেছেন তার পরিচয় দাও।
- (ঘ) লোকসঙ্গীত কাকে বলে ? তোমার পাঠ্য যে-কোনো তিনটি লোকসঙ্গীতের বিস্তারিত পরিচয় দাও।

—x—